

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগকর্মীদের সংঘর্ষে ১০ জন আহত হয়েছেন। গতকাল বুধবার সন্ধ্যায় ক্যাম্পাসের জিয়া হল মোড় এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে। আহতদের মধ্যে সাতজনকে বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রে পাঠানো হয়েছে। প্রষ্টর অধ্যাপক ড. পরেশ চন্দ বর্মণ এবং ছাত্রলীগের সিনিয়র নেতারা ঘটনাস্থলে এলে পরিস্থিতি শান্ত হয়। প্রত্যক্ষদর্শী সুন্দের জানা যায়, সন্ধ্যার পর জিয়া হল মোড়ে ল্যান্ড 'ল' বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের রিজভী আহমেদ ওশান হেঁটে যাওয়ার সময় তাকে লোক প্রশাসন বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের বিনুক, আলাল ইবনে জয় ও চতুর্থ চাকমা ডাক দেয়। এসময় জুনিয়র ওশান সিনিয়রদের সঙ্গে খারাপ আচরণ করে বলে অভিযোগ ওঠে। এতে ওশানকে ঢড়-থাঙ্গড় মারে সিনিয়ররা। এ ঘটনাকে কেন্দ্র করে বাঁশ ও লাঠিসেঁটা নিয়ে কয়েক দফায় সংঘর্ষে জড়িয়ে পড়ে ছাত্রলীগকর্মীরা। এতে উভয় পক্ষের ১০ কর্মী আহত হয়। আহতদের চিকিৎসাকেন্দ্রে নেওয়া হলে সেখানেও হাতাহাতিতে জড়িয়ে পড়ে তারা। দায়িত্বরত চিকিৎসক খুরশিদা জাহান বলেন, আহতদের কেউ আশঙ্কাজনক নয়। এ ঘটনার পর ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছে। আবাসিক শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে। প্রষ্টর ড. পরেশ চন্দ বর্মণ বলেন, ‘গভীর রাত পর্যন্ত আমি ক্যাম্পাসে থাকব। নতুন করে কোনো সমস্যা হবে না।’